# উপজেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

**বিষয়: উপজেলা পরিষদের এপ্রিল/২০২৪ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

**সভাপতি : মো: কামরুজ্জামান সুজন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ২২/০৪/২০২৪খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান :উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ১১/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও প: প: অফিস | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬ (ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে তীব্র তাপদাহ দেশের সর্বত্র বিরাজমান, আবহাওয়া অধিদপ্তরের সূত্র মতে এর তীব্রতা আরো বাড়ার সম্ভাবনা রয়েছে। দেশের কয়েক জেলায় তীব্র তাপদাহের কারনে হিস্ট্রক রোগে আক্রান্ত হয়ে ইতোমধ্যে কয়েকজন মৃত্যুবরণ করেছেন। তাই রোদে গুরুতর প্রয়োজন না হলে বয়স্ক ও শিশুদের ঘরে থাকার পরামর্শ প্রদান করেন। প্রয়োজনে ক্যাপ/ছাতা ব্যবহার করতে হবে। আবহাওয়ার এই বৈরিতার কারণে বিশেষ করে বয়স্ক ও শিশুরা নিউমোনিয়া, হাপানি রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। অসুস্থ্য হলে বাড়িতে বিলম্ব না করে ডাক্তারের পরামর্শ গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী হাসপাতালে ভর্তি করতে হবে। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২) ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| | | তিনি সভায় আরো জানান যে, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির আওতায় এখন পর্যন্ত ৩৫,৩৩২ জনকে অন্তর্ভূক্ত করা হয়েছে। এ কর্মসূচীর মাধ্যমে কার্ডধারী প্রতিটি ব্যক্তির পরিবার চিকিৎসা সেবার জন্য বছরে ৫০,০০০/- টাকা পর্যন্ত চিকিৎসা সহায়তা পাবেন। মাঠ পর্যায়ে এই কাজটি বাস্তবায়িত হচ্ছে ইএসডিও এনজিওর মাধ্যমে। তথ্য সমৃদ্ধ ডিজিটাল কার্ড প্রিন্ট হয়েগেছে। মাঠ কর্মিরা বাড়ি বাড়ি গিয়ে ব্যক্তির হাতে স্বাস্থ্য সুরক্ষা কার্ড পৌছে দিবে। প্রথম দিকে খুনিয়াগাছ ইউনিয়ণে এটি বিতরণ করা হবে। পরে রাজপুর, হারাটি এবং ধাপে ধাপে অন্যান্য ইউনিয়নগুলোতে এ কার্যক্রম বাস্তবায়িত হবে। এ কার্যক্রম বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | চলমান স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। পাশাপাশি এ কর্মসূচির ছদ্দবেশে যেন কোন প্রতারক চক্র তাদের স্বার্থ হাসিল করতে না পারে সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | |

<table>
<tr>
<td>০২</td>
<td>কৃষি অফিস</td>
<td>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রবি মৌসুমে সদর উপজেলায় ২০২৩-২৪ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত ফসলসমূহ মাঠ পর্যায়ে দন্ডায়মান আছে। বর্তমানে এ উপজেলায় ২১০০ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। রাজস্ব খাতের আওতায় বোরো, গম, সরিষা, ও পেয়াজের ফসলের ১১৮টি প্রদর্শনী মাঠ পর্যায়ে স্থাপন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পে অনাবাদি পতিত জমিতে পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের জন্য ১৬২টি পুন:স্থাপন প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে এ উপজেলায় ১১ জন বিসিআইসি সার ডিলার কর্তৃক সার উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক এবং অত্র উপজেলায় সারের সংকট নেই। মাঠ পর্যায়ের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত মাঠ ফসল পরিদর্শন এবং কৃষক পর্যায়ে পরামর্শ প্রদান করছেন।<br>তিনি সভায় আরো জানান যে, বর্তমানে মাশরুম চাষ সম্প্রসারনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্রতা হ্রাসকরণ প্রকল্পের আওতায় গোকুন্ডা ইউনিয়নে স্পস ও মাশরুম উৎপাদন প্রদর্শনী বাস্তবায়নের জন্য ৩,৭৪,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোপূর্বে উপজেলা প্রকৌশলীসহ নির্ধারিত উদ্যোক্তা জনাব সেলিনা সুইটির প্রদর্শনীর নির্ধারিত স্থান পরিদর্শন করা হয়েছে। তিনি সভায় বর্ণিত প্রকল্পটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>১) চলতি রবি এবং বোর মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার সার, বীজ যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br><br>৩) পুষ্টি উন্নয়ন ও দারিদ্রতা হ্রাসকরণ প্রকল্পের আওতায় গোকুন্ডা ইউনিয়নে স্পস ও মাশরুম উৎপাদন প্রদর্শনী বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত ৩,৭৪,০০০/- টাকার প্রকল্পটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত অনুমোদিত হলো।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>প্রাণি সম্পদ অফিস</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।</td>
<td>আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>মৎস্য অফিস</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে দেশে ইলিশ সংরক্ষনে জাটকা ইলিশ মাছ ধরা, মজুদ ও বিক্রয় সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে। এ নির্দেশনা গত ১লা নভেম্বর ২০২৩ থেকে ৩০জুন/২০২৪ পর্যন্ত বলবদ থাকবে। তিনি সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>জাটকা সংরক্ষণে সচেতনতামূলক কার্যক্রম</td><td>০২টি</td></tr>
<tr><td>০২</td><td>মাছের বাজারে ফরমালিন পরীক্ষা</td><td>০৩টি</td></tr>
<tr><td>০৩</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>২০জন</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৫</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>০৭টি</td></tr>
<tr><td>০৬</td><td>মৎস্য বাজার ও আড়ত পরিদর্শন</td><td>১০টি</td></tr>
<tr><td>০৭</td><td>বিভিন্ন অভিযান</td><td>০২টি</td></tr>
</table>
এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>১) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে।<br><br>২) জাটকা ইলিশ সংরক্ষণে প্রচার প্রচারনা চালানোর পাশাপাশি বাজারগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।</td>
<td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>প্রাথমিক শিক্ষা অফিস</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলো রমজান এবং পবিত্র ঈদ উল ফিতরের ছুটি শেষ করে ২১ এপ্রিল/২০২৪ তারিখ খোলার কথা থাকলেও দেশে তীব্র তাপদাহের কারণে ২৮ এপ্রিল/২০২৪ পর্যন্ত বন্ধ ঘোষনা করেছে। চলতি অর্থ বছরে এ উপজেলার প্রাথমিক পর্যায়ের ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০০,০০০/- টাকা করে ক্ষুদ্র মেরামত, ০৬টি বিদ্যালয়ে ৪০,০০০/- টাকা করে রুটিন মেরামত, ০১টি বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী করার জন্য ১৫০,০০০/- টাকা এবং ১৪৯টি বিদ্যালয়ের স্লিপ বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং আরও বৃদ্ধি করতে হবে। বরাদ্দ প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বরাদ্দের বিপরীতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ ভাবে অর্থ ব্যয় করতে হবে। কোন অনিয়ম হলে তার বিরুদ্ধে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা প্রকৌশলী</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ঈদ এবং রমজানের ছুটি শেষে শিক্ষা প্রতিষ্ঠানগুলো ২১ এপ্রিল/২০২৪ তারিখ খোলার কথা থাকলেও দেশে তীব্র তাপদাহের কারণে ২৮ এপ্রিল/২০২৪ পর্যন্ত বন্ধ ঘোষনা করা হয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উপজেলা পর্যায়ের বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। উপজেলা পর্যায়ের জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ প্রতিযোগিতা ২২/০৪/২০২৪ ও ২৩/০৪/২০২৪ এর পরিবর্তে ২৮/০৪/২০২৪ ও ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং আরও বৃদ্ধি করতে হবে। উপজেলা পর্যায়ের ২৮/০৪/২০২৪ ও ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিতব্য জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ প্রতিযোগিতা সুষ্ঠূভাবে সম্পন্ন করতে হবে। কোন অনিয়ম হলে তার বিরুদ্ধে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ৭ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | প্রকৌশল অফিস | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পসমূহ টেন্ডার প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ঠিকাদারকে শীঘ্রই কার্যাদেশ প্রদান করা হবে। এছাড়া পিআইসি প্রকল্পসমূহ দুত বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>তিনি সভায় আরো জানান যে, গত ২০২২-২০২৩ অর্থ বছরের এ উপজেলার মোগলহাট, গোকুন্ডা এবং পঞ্চগ্রাম ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষনের কাজের অর্থ বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখ্য যে, গত অর্থ বছরে বর্ণিত ইউনিয়ন পরিষদ ০৩টির টেন্ডার প্রক্রিয়ায় মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছিল। কিন্তু বরাদ্দকৃত অর্থ দ্বারা ৩০শে জুন/২০২৩ বছরে আইবাস জটিলতায় ঠিকাদারের অনুকুলে বিল প্রদান করা সম্ভব হয়নি। বিধায় পুন:রায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ প্রদানের জন্য পত্র প্রেরণ করা হলে স্থানীয় সরকার বিভাগের ইউপি-শাখার গত ০৩ এপ্রিল/২০২৪ তারিখ ৪৬.০০.০০০০.০১৮.০২. ০১০.২২.১৯৩ নং স্মারকে পুন:রায় বরাদ্দ প্রদান করেন। বিধায় তিনি সভায় উল্লিখিত ইউনিয়ন পরিষদ ০৩টির মেরামত/সংরক্ষন কাজের ঠিকাদারে অনুকুলে বকেয়া বিল প্রদানের অনুমোদনের প্রস্তাব করেন।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) অর্থায়নে অনুমোদিত ৪০ নং প্রকল্প পঞ্চগ্রাম ও তিস্তা ইউনিয়ন ভূমি অফিসের পুকুর সংস্কারকরণ বাবদ বরাদ্দকৃত, ৪,২৫,০০০/ টাকার বরাদ্দ রাখা হয়। কিন্তু সরেজমিনে পঞ্চগ্রাম ইউনিয়ন ভূমি অফিসের পুকুরটি পরিদর্শন করে দেখা যায় বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব নয়। তিনি বর্ণিত প্রকল্পটির পরিবর্তে সদর উপজেলার আশ্রয়ণ প্রকল্পসমূহে বিভিন্ন প্রকার ফলজ, বনজ ও ঔষুধি বৃক্ষ রোপন প্রকল্প অনুমোদনের প্রস্তাব করেন। | ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।<br><br>মোগলহাট, গোকুন্ডা এবং পঞ্চগ্রাম ইউনিয়ন পরিষদ মেরামত/সংরক্ষন কাজের বকেয়া বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) অর্থায়নে অনুমোদিত ৪০ নং প্রকল্পের পরিবর্তে প্রকল্পটির পরিবর্তে সদর উপজেলার আশ্রয়ণ প্রকল্পসমূহে বিভিন্ন প্রকার ফলজ, বনজ ও ঔষুধি বৃক্ষ রোপন প্রকল্পটি অনুমোদন করা হলো। প্রকল্পটির প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথাভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকৌশলী |
| ৯ | ত্রাণ অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ইজিপিপি কার্যক্রম গত ১৫/০৪/২০২৪ খ্রি. তারিখ থেকে শুরু হয়েছে চলবে ২৫/০৫/২০২৪ পর্যন্ত মোট ৩৩দিন। এ উপজেলায় মোট ৫৪টি বীর নিবাস নির্মান কাজ চলমান আছে যার অগ্রগতি ৭০%। এছাড়া বিভাগের অন্যান্য কার্য স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ইজিপিপি কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং বীর নিবাস নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরাসহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য ঠিকাদারকে তাগাদা প্রদান করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে মোট কতজন বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতাভোগী রয়েছে তার নামের তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে সকল প্রকার প্রস্তুতি নেয়া হচ্ছে। তিনি এ উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলের কাছে সহযোগিতা কামনা করেন। বর্তমানে সাময়িক সময়ের জন্য ভোটার তালিকা হালনাগাদ, স্থান পরিবর্তনসহ নির্বাচন কেন্দ্রীক কার্যক্রম ছাড়া অন্যান্য সকল কার্যক্রম বন্ধ রয়েছে। | আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন/২০২৪ অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | শিক্ষা প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | বিআরডিবি অফিস | সহকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর অফিস | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনীধি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদফতর, লালমনিরহাট |
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | যুব উন্নয়ন অধিদপ্তর অফিস | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী বিভাগীয় কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনক জানাতে | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক অফিস | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিতরণকৃত ঋণের অর্থ আদায়ে আরো সোচ্চার হতে হবে। ঋণ বিতরণের সময় সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ অফিস | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২৪ | তথ্য আপা প্রকল্প অফিস | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরে এ উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাত ধোওয়ার বেসিন স্থাপন করা হয়েছিল। বর্তমানে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, বেসিনগুলোর কিছু কিছু পানির ট্যাব নস্ট হয়েগেছে। এগুলো মেরামত/পরিবর্তন করতে স্বল্প কিছু টাকার প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজেদের অর্থায়নে এগুলো মেরামত করে নিতে পারে। এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারের প্রতি অনুরোধ জানান। | গত অর্থ বছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় হাত ধোয়ার বেসিন স্থাপন করা হয়েছিল। সেগুলো সরেজমিন তদন্তপুর্বক শিক্ষা প্রতিষ্ঠানের নিজেস্ব অর্থায়নে মেরামতের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে এবং অগ্রগতির প্রতিবেদন পাঠাতে হবে। | উপজেলা শিক্ষা অফিস/ ইউডিএফ |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: কামরুজ্জামান সুজন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২৩ - ৪১২ (৪০)

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ / ২৫ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ১৮-লালমনিরহাট-৩ লালমনিরহাট সদর, লালমনিরহাট
০২. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০৩. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৭. উপজেলা............................ অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৮. জনাব.............................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৯. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

( এ বি এম আরিফুল হক)
উপজেলা নির্বাহী অফিসার (ভা:ক:)
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)
unolalmonirhat@mopa.gov.bd